মেহেরপুরে দারুল কুরআন মাদ্রাসা’র উদ্বোধন

মেহেরপুর সদর উপজেলা ফতেপুরে দারুল কুরআন মাদ্রাসা’র উদ্বোধন ও দোয়া মাহাফিল অনুষ্ঠিত হয়েছে।

বুধবার সকালে ফতেপুর মাঠ প্রাঙ্গণে দারুল কুরআন মাদ্রাসা’র সভাপতি শফিুউল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ আওয়ামী যুবলীগ মেহেরপুর জেলা শাখার যুগ্ন-আহ্বায়ক সরফরাজ হোসেন মৃদুল ।

এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বুড়িপোতা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শাহজামান, এছাড়াও অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন, জমি দাতা বাবলু বিশ্বাস, ১ নং ওয়ার্ডের মেম্বার মিলন আম্মেদ, কামদেবপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইসরাফিল হোসেন, সাবেক মেম্বার বাবুর আলী, অত্র মাদ্রাসার মুফতি মুহতামিম, মুফতি আব্দুর রাজ্জাক, মুফতি হাফিজুর রহমান, মুফতি মোস্তফা কামাল কাসেমীসহ গ্রামবাসী।

এসময় অনুষ্টানটির সঞ্চালনায় ছিলেন, মাদ্রাসার সাধারণ সম্পাদক আক্কাস আলী মাস্টার।

চুয়াডাঙ্গায় ট্রাকচাপায় রেলইয়ার্ড শ্রমিক নিহত

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার দর্শনায় ট্রাকের ধাক্কায় সাজু আহম্মেদ (২৩) নামের এক রেলইয়ার্ড শ্রমিক নিহত হয়েছেন।

বুধবার সকালে দর্শনা রেলবন্দরে এ দূর্ঘটনা ঘটে। নিহত সাজু আহম্মেদ দর্শনা পৌর এলাকার শান্তিনগর গ্রামের মহিদুল ইসলামের ছেলে।

দর্শনা থানার ওসি মাহাব্বুর রহমান জানান, বুধবার সকালে দর্শনা রেলইয়ার্ডে ভারত থেকে আসা মালবাহী ট্রেন থেকে পণ্য খালাসের কাজ করছিলো সাজুসহ কয়েক শ্রমিক।

এসময় খালাসকৃত পণ্যবোঝাই একটি ট্রাক (ঢাকা মেট্রো-১৩-৫৩৪৩) পেঁছাতে গেলে ট্রাক ও মালবাহী ট্রেনের মাঝে পড়ে পিষ্ট হয় সাজু। এতে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়।

খবর পেয়ে পুলিশ ঘটনাস্থল থেকে সাজুর মরদেহ উদ্ধার করে।

ঝিনাইদহের কালীগঞ্জে বাস উল্টে নিহত-১০, আহত-২০

ঝিনাইদহ জেলার কালীগঞ্জ উপজেলার বারো বাজার এলাকায় যাত্রীবাহী বাস উল্টে দশজন নিহত হয়েছেন বলে স্থানীয় সূত্রে জানা গেছে।

তবে নিহতের সংখ্যা আরও বাড়তে পারে বলে কালীগঞ্জ ফায়ার সার্ভিসের স্টেশন অফিসার শেখ মামুনুর রশিদ এর তথ্য সুত্রে জানা গেছে।

তিনি জানান, বুধবার (১০ ফেব্রুয়ারি) বিকাল ৩টার দিকে উপজেলার বারবাজার এলাকায় যশোর দিক থেকে ছেড়ে আসা কষ্টিয়াগামী গড়াই পরিবহনের সাথে একটি ট্রাকের সংঘর্ষ হলে বাসটি রাস্তার ধারে উল্টে যায়া। খবর পেয়ে ঘটনাস্থলে এসে ১০ জনের লাশ উদ্ধার করা হয়েছে। এখনও উদ্ধারকাজ চলমান রয়েছে।

নিহতের সংখ্যা আরও বাড়তে পারে বলে জানান ফায়ার সার্ভিসের এ কর্মকর্তা।

মামলা প্রত্যাহারের দাবিতে গাংনীতে অবসরপ্রাপ্ত সেনা সদস্য’র অনশন

মামলা প্রত্যাহারের দাবিতে মেহেরপুরের গাংনীতে অনশন করছেন অবসর প্রাপ্ত সেনা সদস্য মহিবুল ইসলাম।

মঙ্গলবার সন্ধ্যায় গাংনী বাজার বাসষ্টান্ডে তিনি অনশন শুরু করেন। মহিবুল ইসলাম গাংনী থানাপাড়ার ইব্রাহীম জোর্য়াদ্দারের ছেলে।

তিনি বলেন, সামাজিক ভাবে হেয় করার জন্য তার নামে সাজানো মিথ্যা মামলা দায়ের করা হয়েছে। মিথ্যা মামলা প্রত্যাহার করা না হওয়া পর্যন্ত তিনি অনশন পালন করবেন বলে জানিয়েছেন।

তিনি আরো বলেন, গাংনী থানাপাড়ার সিদ্দিকুর রহমানের ছেলে লিটন হোসেনকে মারধর করা হয়েছে মর্মে ৪ জনকে আসামী করে মেহেরপুর সিনিয়র ম্যাজিষ্ট্রেট আদালতে একটি মামলা দায়ের করে।

মামলাটি আমলে নিয়ে থানা গাংনী থানাকে নথিভুক্ত করার নির্দেশনা দেয়া হয়। সে মামলায় মহিবুলকে ৪ নং আসামী করা হয়েছে বলে তিনি জানান।

শৈলকুপায় আবাসন প্রকল্পে অনিয়মের অভিযোগ

ঝিনাইদহের শৈলকুপা উপজেলার ঝাউদিয়া আবাসন প্রকল্পের টাকা হরিলুট ও ব্যাপক অনিয়মের অভিযোগ উঠেছে।

জানাগেছে, ২০০৫ সালে আবাসন প্রকল্পটিতে ৩২টি ব্যারাকে ৩২০টি ছিন্নমূল পরিবারের জন্য তৈরী হয়। আবাসন প্রকল্পের ছিন্নমূল মানুষের আত্ম কর্মসংস্থানমূলক কর্মকান্ডের মাধ্যমে বা তাদের

স্বাবলম্বী করার লক্ষ্যে একটি সমিতি ২০০৫ সালে গঠিত হয়।

বিধি অনুযায়ী যাদের জমি নাই, ঘর নাই তারা প্রকল্পের ঘর অগ্রাধিকার ভিত্তিতে পাবে কিন্তু দেখা যায় এর উল্টো, এদের মধ্যে যাদের ঘর আছে আবার বাড়িও আছে তারাও এই প্রকল্পে ঘর বরাদ্দ নিয়েছে।

খোদ প্রকল্পের বর্তমান সভাপতি ঝাউদিয়া চরপাড়া এলাকার মজিবর রহমানের ছেলে মোঃ মহিদুল ইসলাম ও ঝাউদিয়া মোল্লা পাড়ার কালু মোল্লার ছেলে সাধারণ সম্পাদক মোঃ জাহাঙ্গীর আলম। এরা রীতিমত পাকা বাড়িতে বসবাস করে ও আর্থিকভাবে স্বচ্ছল।

২০০৫ সাল থেকে অদ্যাবদি মোঃ মহিদুল ইসলাম ◌্এই প্রকল্পের সভাপতির দ্বায়িত্ব পালন করছে, তিনি দীর্ঘদিন একই পদে থাকার সুবাদে বিভিন্ন অনিয়মের শিকড় গেড়ে বসেছেন। এক সময় এই প্রকল্পে প্রতিটি ঘরে লোকজন বসবাস করতো কিন্তু এখন নানাবিধ অনিয়মের কারণে অনেক পরিবার এই আবাসন থেকে অন্য জায়গায় চলে গেছে।

আবাসন প্রকল্পের অধীনে একটা বড় পুকুর ৩ বছরের জন্য ৬০০০০ হাজার টাকায় লীজ দেওয়া হয়েছে। ৪/৫ বিঘা জমি লীজ দেওয়া হয়েছে মোটা অংকের টাকার বিনিময়ে, আবার সমিতির সদস্যদের কাছ থেকে ফান্ড গঠনের নামে মাসিক চাদা গ্রহন করা হয় কিন্তু এসমস্থ টাকার কোন হিসাব নেই সবই মহিদুল পকেটে ভরেছে বলে অভিযোগ উঠেছে।

এছাড়াও তিনি সুদে কারবারীর রমরমা ব্যবসা চালিয়ে যাচ্ছে এমন অভিযোগও রয়েছে। আবাসন প্রকল্পের বারিক বলেন, মহিদুল আবাসন প্রকল্পের টাকা লুঠে পুটে খাচ্ছে। এক সময় আবাসনের ২ বিঘা জমির লীজ বাবদ ১৬০০০ হাজার টাকা মহিদুলকে দিয়েছিলাম এরপরেও আমার কাছ থেকে জমি নিয়ে বেশী টাকায় ছবেদের কাছে লীজ দিয়েছে, এসব টাকার কোন হিসাব নেই।

আবাসনে বসবাসকারী সুজন বলেন, কিছুদিন আগে আম্পান ঝড়ে আবাসন প্রকল্পের অনেক গাছ ভেংগে যায় এসমস্থ গাছ বিক্রি করে মোটা অংকের টাকা হাতিয়ে নিয়েছে মহিদুল ও জাহাংগীর।

আবাসনে বসবাসকারী সবিতা রানী বলেন, মহিদুলের অনেক অত্যাচার সহ্য করেছি, অন্যায়ভাবে আমার মেয়েকে নিয়ে সালিশ বসিয়ে আমার কাছ থেকে মোটা অংকের টাকা দাবী করে এক পর্যায়ে আমি গরু বিক্রি করে সে টাকা দিয়েছিলাম।

আবাসন প্রকল্পের সভাপতি মহিদুল ইসলামকে এ বিভিন্ন অনিয়ম সস্পর্কে প্রশ্ন করা হলে তিনি এড়িয়ে যান, কোন সদুত্তর দিতে পারেনি।

মেহেরপুরে ইজিবাইক চালক সমিতির সভাপতি আনারুল ইসলামের জানাযা সম্পন্ন

মেহেরপুরে ইজিবাইক চালক সমিতির সভাপতি আনারুল ইসলাম ইন্তেকাল করেছেন (ইন্নালিল্লাহি ওয়াইন্নইলাহি রাজিউন)।

বুধবার ভোরে ঢাকা সরোওয়ার্দী হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি ইন্তেকাল করেন।

আনারুল ইসলাম মেহেরপুর ১ নং ওয়ার্ডের শহীদ গফুর সড়কের মৃত দুখু শেখের ছেলে। মৃত্যু কালে তার বয়স হয়েছিল ৫৫ বছর।

আনারুল ইসলাম বেশকিছুদিন যাবৎ ক্যান্সারসহ বিভিন্ন ধরনের রোগে ভুগছিলেন। বুধবার ভোরে তিনি শেষ নিশ্বাস ত্যাগ করেন।

আজ বুধবার সাড়ে বারো টার সময় মেহেরপুর হোটেল বাজার জামে মসজিদ প্রাঙ্গণে তার জানাযার নামাজ অনুষ্ঠিত হয়। পরে মেহেরপুর পৌর কবরস্থানে তাকে দাফন করা হয়।

সূচকের বড় উত্থানে চলছে লেনদেন

কয়েকদিন দর পতনের পর আজ বুধবার সপ্তাহের চতুর্থ কার্যদিবসে দেশের প্রধান শেয়ার বাজার ঢাকা স্টক এক্সচেঞ্জ (ডিএসই) ও অপর শেয়ার বাজার চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জে (সিএসই) সূচকের উত্থানের মধ্য

দিয়ে লেনদেন চলছে। ডিএসই ও সিএসই সূত্রে এ তথ্য জানা গেছে।

আজ বুধবার লেনদেন শুরুর এক ঘণ্টা পর অর্থাৎ বেলা ১১টায় ডিএসইর সাধারণ সূচক ডিএসইএক্স আগের দিনের চেয়ে ৩৩ পয়েন্ট বেড়ে ৫ হাজার ৫৩১ পয়েন্টে অবস্থান করে। ডিএসই শরীয়াহ সূচক ১১ পয়েন্ট এবং ডিএসই-৩০ সূচক ২০ পয়েন্ট বেড়ে যথাক্রমে ১২৫০ ও ২১০৬ পয়েন্টে রয়েছে। এ সময়ের মধ্যে লেনদেন হয়েছে ২৩৪ কোটি ২৯ লাখ টাকার শেয়ার ও মিউচ্যুয়াল ফান্ডের ইউনিট।

বুধবার এ সময়ে লেনদেন হওয়া কোম্পানিগুলোর মধ্যে দাম বেড়েছে ১২৯টির, কমেছে ৭৫টির এবং অপরির্বতিত রয়েছে ১০১টি কোম্পানির শেয়ার। বেলা ১১টা পর্যন্ত লেনদেনের শীর্ষে থাকা ১০ কোম্পানি হলো- বেক্সিমকো লিমিটেড, রবি, বেক্সিমকো ফার্মা, লংকাবাংলা, মীর আকতার, বিএটিবিসি, এনার্জিপ্যাক, সামিট পাওয়ার, বিডি ফাইন্যান্স ও লার্ফাজহোলসিম।

এর আগে সকালে লেনদেন শুরুর প্রথম ১০ মিনিটে ডিএসইর সূচক বাড়ে ৩৪ পয়েন্ট। এরপর ১০টা ২০ মিনিটে সূচক আগের অবস্থান থেকে ৯ পয়েন্ট কমে যায়। এরপর সূচকের গতি ঊর্ধ্বমুখী দেখা যায়। সকাল ১০টা ৪৫ মিনিটে সূচক আগের দিনের চেয়ে ৪২ পয়েন্ট বেড়ে ৫ হাজার ৫৪১ পয়েন্টে অবস্থান করে।

অপরদিকে লেনদেন শুরুর এক ঘণ্টা পর বেলা ১১টায় চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জের (সিএসই) সিএএসপিআই সূচক ৮৯ পয়েন্ট বেড়ে ১৬ হাজার ৮ পয়েন্টে অবস্থান করে। এরপর সূচকের গতি ঊর্ধ্বমুখী দেখা যায়। এদিন বেলা ১১টা পর্যন্ত সিএসইতে লেনদেন হয়েছে ৯ কোটি ৩৬ লাখ টাকার শেয়ার ও মিউচ্যুয়াল ফান্ডের ইউনিট। এসময়ের ৪৪টি কোম্পানির দাম বেড়েছে, কমেছে ৪২টি কোম্পানির দর। অপরিবর্তিত রয়েছে ১৬টি কোম্পানি শেয়ারের দর।

কুয়েতে এমপি পাপুলের শাস্তি

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

তিনি জানান, জনগণের মধ্যে এক ধরনের সংশয় কাজ করছে যেটি আদোও ঠিক নয়। তিনি সদর হাসপাতালে এসে সপরিবারে টিকা গ্রহণ করেন।

এ সময় উপস্থিত ছিলেন ঝিনাইদহ পৌরসভার মেয়র সাইদুল করিম মিন্টু। জেলা প্রশাসক জানান প্রধানমন্ত্রী দেশবাসীর জন্য যে যুগান্তকারী পদক্ষেপ গ্রহণ করেছেন তা সত্যিই কৃতজ্ঞতার দাবী রাখে। সংশয় মনে না নিয়ে রেজিস্ট্রেশন করে টিকা গ্রহণের পরামর্শ দেন তিনি।

কুতুবপুর ক্রিকেট টুর্নামেন্টের ফাইনাল খেলায় কুড়ুলগাছি একাদশ জয়ী

দামুড়হুদা উপজেলার কুতুবপুর ক্রিকেট টুর্নামেন্ট ২০/২১ এর ফাইনাল খেলায় কুতুবপুর একাদশকে হারিয়ে কুড়ুলগাছি একাদশ জয়লাভ করেছে। গতকাল মঙ্গলবার বিকাল সাড়ে তিনটার দিকে কুতুবপুর ক্রিকেট মাঠ প্রাঙ্গণে এ খেলা অনুষ্ঠিত হয়।

প্রথমে টসে জিতে কুড়ুলগাছি একাদশ ব্যাটিং করার সিদ্ধান্ত নেয়। কুড়ুলগাছি একাদশ ব্যাট করতে নেমে নির্ধারিত ১৫ ওভার শেষে ৭ উইকেট হারিয়ে ১৭১ রান সংগ্রহ করে।

কুতুবপুর একাদশ ১৭২ রানের টার্গেটে ব্যাট করতে নেমে ৮ উইকেট হারিয়ে ১৫ ওভার খেলে ৯৩ রান সংগ্রহ করে। কুড়ুলগাছি একাদশের ইচু তিন উইকেট ও ২৯ বলে ৯৪ রান করে ম্যান অব দ্যা ম্যাচ এর পুরস্কার জিতে নেন।

ফাইনাল খেলায় জয়লাভ করে পুরস্কার তুলে নেন কুড়ুলগাছি একাদশের ক্যাপ্টেন আশরাফুল। ফাইনাল খেলার পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান খলিলুর রহমান ভুট্ট, মনি মেম্বর, সাংবাদিক শরীফ রতন, মেহেদী হাসান মিলন, বিল্লাল, প্রিন্স সাজ্জাদ ও টুর্নামেন্ট কমিটির নেতৃবৃন্দ।